



ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন

সমাবর্তন অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের একটি ঐতিহ্যবাহী অনুষ্ঠান। এই অনুষ্ঠানের মাধ্যমে বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রীপ্রাপ্ত ছাত্রছাত্রীদের আনুষ্ঠানিকভাবে সনদপত্র বিতরণ করা হয়। সমাবর্তন অনুষ্ঠান নির্মিত হওয়ার কথা। কিন্তু ১৯৭১ সালের পর ঢাকা বিশ্ববিদ্যালয়ে আর কোন সমাবর্তন অনুষ্ঠান হয়নি। অথচ ইতিমধ্যে হাজার হাজার ছাত্রছাত্রী ডিগ্রী অর্জন করেছে। কিন্তু তারা এই ঐতিহ্যবাহী অনুষ্ঠানের মারফত আনুষ্ঠানিকভাবে সনদপত্র গ্রহণ থেকে বঞ্চিত হয়েছে।

তাই অবিলম্বে ১৯৭২ সালের পর থেকে ডিগ্রী প্রাপ্ত ছাত্রছাত্রীদের সমাবর্তন অনুষ্ঠানের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে ডিগ্রী সনদপত্র প্রদানের ব্যবস্থা গৃহণের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে অনুরোধ জানাচ্ছি।

—সুনাগরিক

মিরপুর-১১ ঢাকা